



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪৩

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৪ বাংলা
২৫ জুলাই ২০১৭ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

বিষয়ঃ সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সাম্প্রতিক বন্যায় উত্তরাঞ্চলসহ দেশের বিভিন্ন জেলার বিস্তীর্ণ এলাকা প্লাবিত হওয়ায় আবাদী ফসল, গবাদী পশুসহ জনসাধারণের ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়েছে। ফলে এসব এলাকার ক্ষতিগ্রস্ত জনসাধারণের মাঝে জরুরী খাদ্য, বিশুদ্ধ পানি ও ঔষধ সরবরাহের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এপ্রেক্ষিতে সমাজসেবামূলক কার্যক্রমের অংশ হিসেবে বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার অসহায় জনগোষ্ঠির মাঝে প্রতিষ্ঠানের উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যয়ে জরুরী খাদ্য, বিশুদ্ধ পানি ও ঔষধ ইত্যাদি ত্রাণ সামগ্রী বিতরণসহ প্রয়োজনীয় অন্যান্য সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বন্যা পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে বিস্তারিত তথ্য উল্লেখপূর্বক বর্ণিত খাতে ব্যয়কৃত অর্থের কার্যোত্তর অনুমোদন গ্রহণের জন্যও পরামর্শ দেয়া হলো।

বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আলী নূর)

পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৮৩৩৩৩৪০

নম্বর- ৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.১৭-১০২০(৭০৩)

তারিখঃ ২৫/০৭/২০১৭ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৭. পিএস টু গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের জ্ঞাতার্থে)।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

উপ-পরিচালক

ফোনঃ ৮৩১৫৭৯৯